দৈনিক ইত্তেফাক

তারিখ 4 FEB 2017
পৃষ্ঠা ৭ কলাম ৬

# যশোরের পরীক্ষা কেন্দ্রে ভুল প্রশ্নপত্র সরবরাহের অভিযোগ

■ যশোর অফিস

মাধ্যমিক পরীক্ষার প্রথমদিন বাংলা প্রথমপত্রের পরীক্ষায় যশোর মিউনিসিপ্যাল প্রিপারেটরি মাধ্যমিক বিদ্যালয় কেন্দ্রের একটি কক্ষে নিয়মিত পরীক্ষার্থীদের মধ্যে অনিয়মিত পরীক্ষার্থীদের প্রশ্নপত্র সরবরাহের অভিযোগ পাওয়া গেছে। অন্তত ১৫ মিনিট পরে আবার সঠিক প্রশ্নপত্র দেওয়া হলেও শিক্ষার্থীদের অতিরিক্ত সময় দেওয়া হয়নি। এতে ওইসব পরীক্ষার্থীর পরীক্ষা খারার্প হয়েছে বলে অভিভাবকরা উদ্বিগ্ন হয়ে পড়েছেন। ওই পরীক্ষা কেন্দ্রে ৭৪১ জন শিক্ষার্থী পরীক্ষা দিচ্ছে।

শরীফ উদ্দীন নামের একজন অভিভাবক জানান, যশোর মিউনিসিপ্যাল প্রিপারেটরি বিদ্যালয় কেন্দ্রের ২৭ নম্বর কক্ষে আমার মেয়ে নিয়মিত হিসেবে মাধ্যমিক পরীক্ষা দিচ্ছে। পরীক্ষার প্রথমদিনে তাকে অনিয়মিত পরীক্ষার্থীদের প্রশ্নপত্র দেওয়া হয়। এসময় প্রশ্ন কমন না পেয়ে সে উদ্বিগ্ন হয়ে পড়ে। অন্তত ১০ থেকে ১৫ মিনিট পরে সে অন্যদের সঙ্গে তার প্রশ্নপত্র মিলিয়ে ভুল প্রশ্নপত্র বলে জানতে পারে। অভিযোগ করলে কক্ষ পরিদর্শক তাকে সঠিক প্রশ্নপত্র দিলেও অতিরিক্ত সময় দেননি। যে কারণে ৮ নম্বর মানের প্রশ্নের উত্তর সে লিখতে পারেনি। এ কারণে প্রথমদিনেই তার পরীক্ষা খারাপ হয়েছে। ওই কক্ষে আরো অনেকের এ জাতীয় সমস্যা হয়েছে বলে জানান তিনি।

কেন্দ্র সচিব ও ওই বিদ্যালয়ের প্রধান শিক্ষক আবদুস সবুর এ ব্যাপারে বলেন, আপনাকে এত কথা বলতে হবে কেন? আপনি কি আমার বস ?

অতিরিক্ত জেলা প্রশাসক (শিক্ষা ও আইসিটি) পারভেজ হাসান বলেন. বিষয়টি খোঁজ নিয়ে দেখা হচ্ছে।

যশোর মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক পরীক্ষা নিয়ন্ত্রক মাধব চন্দ্র রুদ্র বলেন, অভিভাবকরা অভিযোগ দিলে পরবর্তী ব্যবস্থা নেওয়া হবে।